

যীশু প্রকৃত কে তা ছোটরা শিক্ষা কর

প্রার্থনা : “প্রিয় প্রভু, যীশুর জীবনকে প্রশংসা করতে এবং তিনি যে প্রকৃত ঈশ্বরের সন্তান ছিলেন, অথচ তিনি মনুষ্যরূপ ধারণ করেছিলেন, সেই বিষয়টি বিশ্বাস করতে শিশুদের সাহায্য কর।”

এর মধ্যে যেকোন ছোটদের শিক্ষার কার্যকলাপ বেছে নিন।

লুক ১৯ঃ২৮-৪০, অংশটি থেকে যিরূশালেমে যীশুর শেষ বিজয় যাত্রা সম্বন্ধে একজন বড় ছেলে মেয়েকে বলতে দিন। এই গল্পটি দেখায় যে কিভাবে সাধারণ লোকেরা যীশুকে তাদের প্রতিজ্ঞাত মশীহ রূপে এবং একজন রাজা যিনি সমস্ত পৃথিবীতে স্বাধীনতা এবং শান্তি আনয়ন করবেন তাঁর প্রশংসা করেছিল।

গল্পটি বলার পরে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন (প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল)

- যিরূশালেমে প্রবেশ করার জন্য যীশু কিভাবে গাধার শাবক পেয়েছিলেন। (৩০ পদ)
- গর্দভশাবকের মালিককে শিষ্যরা কী বলেছিল? (৩৪ পদ)
- মথি ২১ অধ্যায় ৮ পদ বলে যে লোকেরা যীশুর সামনে রাস্তার উপরে গাছের পাতা বিছিয়ে দিয়েছিল। অন্যান্য কী কী ভাবে তাদের আনন্দ এবং প্রশংসাকে তাঁরা প্রকাশ করে ছিল।? (৩৬-৩৭ পদ)
- যীশুকে ছিলেন এ সম্বন্ধে লোকেরা কী বলেছিলেন? (৩৮ পদ)
- লোকদের তিনি যদি নীরব থাকতে বলেন তবে কী ঘটবে বলে যীশু বলেছিলেন? (৩৯-৪০ পদ)

এই ঘটনাটি পশ্চাদ পট ব্যাখ্যা করুন

- তার ক্রুশেবদ্ধ হওয়ার আগের রবিবার যীশু যিরূশালেমে এসেছিলেন।
- কিছু খ্রীষ্টানরা ঐ দিনটিকে পামসানডে বলেন কারণ, লোকেরা যিরূশালেমের রাস্তাকে তাঁর জন্য পাতার দ্বারা সজ্জিত করে দিয়েছিল।



- মৃতদের মধ্যে থেকে তাঁর পুনরুত্থিত হবার এক সপ্তাহ আগে যীশু যিরূশালেমে প্রবেশ করেছিলেন। ইতিহাসের সব থেকে গুরুত্বপূর্ণ ঘটনাগুলি ঐ সপ্তাহের মধ্যেই ঘটেছিল।
- কিছু কিছু নেতা এবং উচ্চপদস্থ কর্মচারীরা যীশুকে ঈর্ষ্যা করেছিলেন এবং এই ভেবে ভয় পেয়েছিলেন যে তিনি তাদের ক্ষমতাকে কেড়ে নেবেন।
- যীশুর দ্বারা বহু ব্যক্তি যারা সুস্থ হয়েছিল তারা জানত যে তিনি ছিলেন সেই মশীহ যাঁর সম্বন্ধে পুরাতন নিয়মের ভাববাদীরা আগাম বলেছিলেন যে তিনি পৃথিবীতে আসবেন।

- যীশু ছিলেন স্বয়ং ঈশ্বর, যিনি মানুষ রূপে নেমে এসেছিলেন। তিনি কোনও দূত বা ঈশ্বর এবং মানুষের মধ্যবর্তী কেউ ছিলেন না। তিনি ঈশ্বর এবং মানুষ উভয়ই ছিলেন। যা হল স্বর্গ এবং পৃথিবীর মধ্যে একমাত্র সেতু।
লুক ১৯ঃ২৮-৪০ এই অংশ থেকে যীশুর যিরূশালেমের বিজয় যাত্রা ঘটনাটি কিছু অংশ নাটকের আকারে তৈরী করুন।
- প্রধান আরাধনাকারী নেতাদের সঙ্গে ছোটদের জন্য নাটকটি প্রস্তুত করুন।
- বাচ্চাদের শিক্ষা দেওয়ার সময়কে আপনি তাদেরকে প্রস্তুত করার জন্য ব্যবহার করুন।
- বড় ছেলেমেয়েরা ছোটদের প্রস্তুত হতে সাহায্য করবে।
- সমস্ত চরিত্রগুলোতে অভিনয় করার জন্য যথেষ্ট লোক না পাওয়া গেলে ভাষ্যকারের অংশগুলি শুধু পাঠ করবেন।
- বড়রা অথবা প্রাপ্তবয়স্করা যীশুর, গাধার, গাধার মালিকের এবং ভাষ্যকারের, ভূমিকায় অভিনয় করবেন, যিনি ঘটনাটি সংক্ষিপ্ত করবেন ও ছেলেমেয়েদের কি বলতে এবং করতে হবে তা স্মরণ করিয়ে দেবেন।
- ছোটরা শিষ্য ফরীশীদের এবং জনতার ভূমিকায় পাঠ করবেন। শিষ্যরা ও ছোটরা যারা সমাগমের ভূমিকায় পাঠ করবে তাদের হাতে গাছের শাখা এবং জামা কাপড় থাকবে।

ভাষ্যকারঃ লুক ১৯ঃ২৮-৩৫ থেকে ঘটনাটি প্রথম অংশ পাঠ করবে। তারপর বলবে, “যীশু তাঁর অনুগামীদের কী বলছেন তা শুনুন।”

যীশুঃ “এটা এখন আমার যিরূশালেমে যাবার সময়। পাশের গ্রামে যাও একটি গর্দভ শাবককে বাঁধন খুলে নিয়ে এসো মালিককে বলবে প্রভুর এতে প্রয়োজন আছে।

শিষ্যঃ ‘গাধার’ কাছে যাবে, সেটিকে খোলার এবং তার গায়ে বস্ত্র পরার অভিনয় করবে।

গাধার মালিকঃ “খামো! আমার গাধাটিকে নিয়ে তোমরা কি করছ?”

শিষ্যঃ “প্রভুর ইহাতে প্রয়োজন আছে।”

গাধার মালিকঃ “ঠিক আছে, তাহলে নিয়ে যাও।”

শিষ্যঃ গাধাটিকে যীশুর কাছে নিয়ে যাবে।

যীশুঃ গাধার পিঠে চড়ে বেন।

গাধার মালিকঃ “ওই দেখ, যীশু আমার সেই গাধার পিঠে চড়েছেন যাতে আগে কেউ বসেনি।”

ভাষ্যকারঃ লুক ১৯ঃ৩৬-৪০ থেকে ঘটনাটির দ্বিতীয় ভাগ পাঠ করবে। তারপর বলবে। “শুনুন কি বলছে।”

জনতাঃ জামাকাপড় বা চাদর যীশুর সামনে বিছিয়ে দেবে। গাছের শাখাপ্রশাখা দোলাবে এবং তারপর তা নিচে নামিয়ে রাখবে। চিৎকার করে বলবে, “হোশান্না! রাজা আসছেন!”

ফরীশীরা (রাগত ভাবে)ঃ “যীশু তোমার শিষ্যদেরকে এ সমস্ত বলতে বারণ কর!”

যীশুঃ “ওরা যদি চুপ করে যায় তবে এই পাথরগুলি চিৎকার করে উঠবে।”


ভাষ্যকার অথবা বড় শিষ্যঃ নাটক সমাপনান্তে যারা সাহায্য করেছে তাদের সবাইকে ধন্যবাদ দেবে।

প্রশ্নসমূহ ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদেরকে উপরে দত্ত প্রশ্নগুলিকেও জিজ্ঞাসা করতে দিন।


কবিতা গীতসংহিতা ১১৮ঃ২২-২৪,২৬-২৮ পদগুলি কিছু ছেলেমেয়েকে আবৃত্তিকরতে দিন।

আমাদের প্রভু এবং রাজা হিসাবে যীশুর প্রশংসা করার অন্যান্য উপায় সম্পর্কে ছোটদের বলতে দিন। ছোটদের এবং প্রাপ্তবয়স্কদের উদাহরণ দিতে বলুন।

- একটি খজুর পত্রের ছবি আঁকুন এবং ছোটদের তা নকল করতে বলুন।



- বড় ছেলেমেয়েরা একটি খেঁজুর গাছের ছবিও আঁকতে পারে।



পরবর্তী আরাধনার সময়ে ছোটদেরকে তাদের ছবিগুলিকে প্রাপ্তবয়স্কদের দেখাতে দিন এবং ব্যাখ্যা করতে দিন যে আমরা কিভাবে রাজা ও প্রভু রূপে যীশুর প্রশংসা করতে পারি।

মুখস্থ পদ যোহন ১৪ঃ৬

প্রার্থনা ঃ “প্রিয় প্রভু, তুমিই আমাদের একমাত্র ঈশ্বর, আমরা তোমার আরাধনা করি। যদিও এখনও পর্যন্ত কয়েকজন তুমি প্রকৃত কে তা জানেনা তথাপি আমরা জানি তুমি কত সুন্দর। আর এ জন্যই আমরা তোমার প্রশংসা করি। অন্যদেরকে তোমার সম্পর্কে বলতে আমাদের সাহায্য কর যাতে তারাও তোমার প্রশংসা করতে পারে।”